

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নথি নং: ৫৯.১২.০০০০.০০১.৯৯.০০৯.২১- ৬৫


তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শুদ্ধাচার সংক্রান্ত টিমের পর্যালোচনামূলক সভার কার্যবিবরণী

আজ ১০ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ রবিবার সকাল ১১:০০ টায় নিপোর্ট প্রধান কার্যালয়ের লাইব্রেরী কক্ষে শুদ্ধাচার সংক্রান্ত টিমের পর্যালোচনামূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন নিপোর্টের সম্মানিত পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব ড. মোহাম্মদ আবুল হাসান। সভায় পরিশিষ্ট-ক অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সভায় নিম্নোক্ত বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নিপোর্ট প্রদান কার্যালয়ের টয়লেট সংস্কার	নিপোর্ট প্রধান কার্যালয়ের ৪র্থ তলার দুইটি টয়লেটে ফ্ল্যাশ ও লাইনেজে সমস্যা দেখা দিয়েছে। তাই এইচইডি এর একজন কন্ট্রাকটর কে সরেজমিনে টয়লেটগুলো পরিদর্শন করানো হয়েছে। যেসকল টয়লেটগুলো মেরামতযোগ্য সেগুলো সারিয়ে দেয়ার জন্য কন্ট্রাকটরকে অনুরোধ জানানো হয়। আর যেসকল টয়লেট সারানোর মত নয় তা সংস্কারের নিমিত্ত আর্থিক প্রাক্কলন কন্ট্রাকটর মহোদয় জনাব সাফাত মোস্তফা, তত্ত্বাবধায়ক (প্রশাসন), নিপোর্ট বরাবর উপস্থাপন করবেন।	জনাব রিয়াদ আহমেদ প্রকৌশলী, এইচইডি মোবাইল নং: ০১৭৪১৩২০৭৭৯
২.	ক্লিনিং পয়েন্টে সাইনেজ স্থাপন	নিপোর্টের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে কর্ম পরিবেশ উন্নয়নের নিমিত্ত নিপোর্ট প্রধান কার্যালয়ের ২০ টি ক্লিনিং পয়েন্টে সতর্কতামূলক সাইনেজ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়	জনাব এস. তহর আহমেদ, আর্টিস্ট, নিপোর্ট
৩.	সিটিজেন চার্টার বোর্ড স্থাপন	নিপোর্ট প্রধান কার্যালয়ের নিচে প্রবেশদ্বারে জনগণের প্রদর্শনের নিমিত্ত একটি সিটিজেন চার্টার বোর্ড স্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব এস. তহর আহমেদ, আর্টিস্ট, নিপোর্ট
৪.	জেনিটার'স কর্ণার স্থাপন	নিপোর্ট প্রধান কার্যালয়ের প্রতিটা ফ্লোরে কমপক্ষে একটি করে জেনিটার'স কর্ণার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ কামাল হোসেন, কেয়ারটেকার, নিপোর্ট
৫.	কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য পরীক্ষা	নিপোর্টের সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রতিমাসে কমপক্ষে একবার প্রাথমিক পর্যায়ে স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করতে হবে। এ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দুইটি করে বিপি মেশিন, গ্লুকোমিটার ও ওয়েট মেশিন ক্রয় করতে হবে।	ডাঃ মোঃ সাইফুল ইসলাম, সহকারী পরিচালক (ক্লি. প্র.) ও ডাঃ এ এফ এম রেদোয়ানুর রহমান, প্রশিক্ষক, নিপোর্ট।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


- ১০/১০/২০২১

(ড. মোহাম্মদ আবুল হাসান)
পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব
ই-মেইল: diradmin@niport.gov.bd